

“শিল্পে প্রাকৃতিক গ্যাস  
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী  
নিরাপত্তা সর্বোচ্চ  
অগ্রাধিকার”

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন  
কোম্পানী লিঃ (বাপেক্স)  
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা।  
www.bapex.com.bd



বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এর তৃতীয়  
কোয়ার্টারের সভার কাযপত্র।

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর  
তারিখ : ৩১ জানুয়ারী ২০২১  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

অদ্য ৩১ জানুয়ারী ২০২১ তারিখ, ২:৩০ মিনিটে কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এর তৃতীয় কোয়ার্টারের সভা কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহ্বান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।


#### (ক) আলোচ্য বিষয়:


উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় (২০২০-২০২১) সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, ইতোমধ্যে গৃহীত কর্মপরিকল্পনার অংশ বিশেষ বাস্তবায়িত হলেও এর অবশিষ্টাংশ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত করতে হবে। গৃহীত কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে ব্যক্তি, শাখা ও বিভাগসমূহের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। সভাপতি মহোদয় প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার তৃতীয় কোয়ার্টারে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন সে সম্পর্কে সভায় অবহিত করেন।


মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও সংশ্লিষ্ট কমিটির সদস্য বলেন, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মাফিক নির্ধারিত কাজ তৃতীয় কোয়ার্টারে চলমান থাকবে। পাশাপাশি বর্তমানে চলমান কোডিট-১৯ প্রতিরোধে গৃহীত সহায়ক ব্যবস্থা কর্মক্ষেত্রে আরও জোরদার করা একান্ত প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। কমিটির আহ্বায়কসহ সকল সদস্য এ প্রস্তাবে একমত পোষণ করেন। অতঃপর ভবনের সকল বিভাগে বিদ্যমান টয়লেট/বাথরুম, বেসিন, ফ্লোর সঠিক মাত্রায় ঔষধ ব্যবহার করে ক্লিনিং নিশ্চিতকরণ এবং আবশ্যিকভাবে সকল কর্মকর্তা/কর্মচারীকে মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজার ব্যবহার, ভবনের প্রবেশমুখে শরীরের তাপ পরিমাপক যন্ত্র ব্যবহার ও জুতা সেনিটাইজ নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।


ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ
০১	চলমান কোভিড-১৯ প্রতিরোধে গৃহীত সহায়ক ব্যবস্থা কর্মক্ষেত্রে আরও জোরদারকরণ।	ক) ভবনের সকল বিভাগে বিদ্যমান টয়লেট/বাথরুম, বেসিন, ফ্লোর সঠিকমাত্রায় ঔষধ ব্যবহার করে ক্লিনিং নিশ্চিতকরণ; খ) আবশ্যিকভাবে সকল কর্মকর্তা/কর্মচারীকে মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজার ব্যবহারকরণ; গ) ভবনের প্রবেশমুখে শরীরের তাপ পরিমাপক যন্ত্র ব্যবহার ও জুতা সেনিটাইজ নিশ্চিত করণ।	উপমহাব্যবস্থাপক (সেবা), সেবা উপবিভাগ, প্রশাসন বিভাগ


(খ) সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


  
(মোঃ সরওয়ার হামিদ)  
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)  
সদস্য


  
(মোহাম্মদ কামরুজ্জামান)  
উপমহাব্যবস্থাপক (ক্রয়)  
সদস্য

  
(কাজী মাহবুবুল আলম)  
উপ-মহাব্যবস্থাপক  
(এইচআরএম)  
সদস্য সচিব ও হোমকাল পয়েন্ট

  
(মোহাম্মদ আহসানুল আমিন)  
উপমহাব্যবস্থাপক (আইসিটি)  
সদস্য

  
(মোঃ আব্দুর রউফ)  
মহাব্যবস্থাপক (প্রকৌশল)  
সদস্য

  
(এস.এম. তারিকুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)  
সদস্য

  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও  
আহ্বায়ক